## 14 May 2024
## National & International News

### চাবাহার বন্দর




খবরে কেন?

- জেনারেল ফ্রেমওয়ার্ক অফ কোঅপারেশন সমাপ্তির আট বছর পর, ভারত এবং ইরান ইরানের চাবাহার বন্দর পরিচালনার জন্য **10** বছরের চুক্তি স্বাক্ষর করেছে।
- ইন্ডিয়ান পোর্টস গ্লোবাল লিমিটেড **(IPGL)** এবং ইরানের পোর্ট অ্যান্ড মেরিটাইম অর্গানাইজেশনের **(PMO)** মধ্যে দীর্ঘমেয়াদী চুক্তি স্বাক্ষরিত হয়।

চাবাহার বন্দর সম্পর্কে:

- চাবাহার বন্দর ইরানের সিস্তান-বেলুচিস্তান প্রদেশে অবস্থিত।
- এটি ওমান উপসাগরে অবস্থিত, এটি ইরানের একমাত্র মহাসাগরীয় বন্দর হিসাবে পরিণত হয়েছে।
- এটি পাকিস্তানের গোয়াদর বন্দরের কাছে এবং আফগানিস্তান এবং মধ্য এশিয়ায় প্রবেশের জন্য পাকিস্তানকে বাইপাস করার অনুমতি দিয়ে ভারতকে এই অঞ্চলে একটি কৌশলগত অবস্থানের সুযোগ দেয়।
- চাবাহার বন্দরের উন্নয়নে ভারত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।
- এই সহযোগিতার মধ্যে টার্মিনাল এবং অপারেশনাল সিস্টেমের উন্নয়নের মতো ইনফ্রাস্ট্রাকচারে বিনিয়োগ অন্তর্ভুক্ত রয়েছে।
- চাবাহার এই অঞ্চলে চীনের প্রভাব মোকাবেলা করার জন্য ভারতের স্ট্র্যাটেজির অংশ, বিশেষ করে চীন-পাকিস্তান অর্থনৈতিক করিডোরের **(CPEC)** ক্ষেত্রে।

### ভাইব্রেন্ট ভিলেজ প্রোগ্রাম (VVP)




খবরে কেন?

- রাস্তা নির্মাণে প্রতি কিলোমিটারে **2** কোটি টাকার বেশি খরচ করার পরিকল্পনা করছে সরকার।
- উত্তরাখণ্ড ও সিকিমে চীন সীমান্ত বরাবর রাস্তা তৈরি করা হবে।
- এই উদ্যোগ ভাইব্রেন্ট ভিলেজ প্রোগ্রামের **(VVP)** অংশ।

**VVP** সম্পর্কে:

- ভাইব্রেন্ট ভিলেজ প্রোগ্রাম (VVP) হল একটি কেন্দ্রীয় স্পনসরড স্কিম যা **2022-23** থেকে **2025-26** আর্থিক বছরগুলিতে বাস্তবায়িত হবে।
- উদ্দেশ্য: এই কর্মসূচির লক্ষ্য হল উত্তর সীমান্তের গ্রাম এবং ব্লকগুলির ব্যাপক উন্নয়ন, চিহ্নিত করা সীমান্ত গ্রামগুলিতে বসবাসকারী মানুষের জীবনযাত্রার মান উন্নত করা।
    - এছাড়াও, এর উদ্দেশ্য হল সীমান্ত এলাকায় তাদের আদি বাসস্থানে থাকার জন্য জনগণকে উত্সাহিত করা, এই গ্রামগুলি থেকে অভিবাসন প্রত্যাহার করা এবং সীমান্তের নিরাপত্তার উন্নতি করা।
- তহবিল: এই প্রোগ্রামটি দেশের উত্তরের স্থল সীমান্তে 19টি জেলা এবং **4**টি রাজ্যের 46টি সীমান্ত ব্লক এবং **1**টি কেন্দ্রশাসিত অঞ্চলের (অরুণাচল প্রদেশ, সিকিম, উত্তরাখণ্ড, হিমাচল প্রদেশ, এবং লাদাখের কেন্দ্রশাসিত অঞ্চল) 2967টি গ্রামে প্রয়োজনীয় অবকাঠামোর উন্নয়ন এবং জীবিকার সুযোগ তৈরির জন্য তহবিল সরবরাহ করবে।
- অ্যাকশন প্ল্যান: গ্রাম পঞ্চায়েতগুলির সহায়তায় জেলা প্রশাসনের দ্বারা

| | |
|---|---|
| | ভাইব্র্যান্ট ভিলেজ অ্যাকশন প্ল্যান তৈরি করা হবে এবং এক্ষেত্রে কেন্দ্রীয় ও রাজ্য প্রকল্পগুলির 100% সম্পৃক্ততা নিশ্চিত করা হবে। তবে, বর্ডার এরিয়া ডেভেলপমেন্ট প্রোগ্রামের সাথে এটির কোন ওভারল্যাপ হবে না। |
| ইউনাইটেড নেশনস ফোরাম অন ফরেস্টস | **খবরে কেন?**<br>• ইউনাইটেড নেশনস ফোরাম অন ফরেস্ট **(UNFF19)-**এর **19**তম অধিবেশন 6-10ই মে, 2024 পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অনুষ্ঠিত হয়েছিল।<br>• 10ই মে ফোরামের সমাপ্তি নাগাদ, এই ঘোষণার লক্ষ্য ছিল বনাঞ্চল সুরক্ষার জন্য একটি উচ্চ-স্তরের রাজনৈতিক প্রতিশ্রুতির বিষয়ে একটি চুক্তি করা।<br>• **UNFF** এবং এর স্টেকহোল্ডারদের দ্বারা **UN** স্ট্র্যাটেজিক প্ল্যান ফর ফরেস্টস **(UNSPF)** কার্যকর বাস্তবায়নের জন্য এই ঘোষণায় সুনির্দিষ্ট পদক্ষেপ অন্তর্ভুক্ত করা হয়েছে।<br><br>**ইউনাইটেড নেশনস ফোরাম অন ফরেস্টস সম্পর্কে:**<br>• ইউনাইটেড নেশনস ফোরাম অন ফরেস্ট **(UNFF) 2000** সালে জাতিসংঘ অর্থনৈতিক ও সামাজিক কাউন্সিল **(ECOSOC)** দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল।<br>• UNFF সব ধরনের বনাঞ্চলের ব্যবস্থাপনা, সংরক্ষণ এবং সাস্টেনেইবল উন্নয়নের প্রচার করে।<br>• এই ফোরামের সার্বজনীন সদস্যপদ রয়েছে এবং এটি জাতিসংঘের সমস্ত সদস্য রাষ্ট্র এবং বিশেষ সংস্থাগুলির সমন্বয়ে গঠিত।<br>• বিজোড় বছরে **(odd years)** প্রযুক্তিগত বিষয়ে এবং জোড় বছরে **(even years)** নীতিগত বিষয়ে উচ্চ-স্তরের সংলাপের জন্য UNFF প্রতি বছর নিউইয়র্কে জাতিসংঘ সদর দফতরে মিলিত হয়।<br>• ভারত **UNFF** এর প্রতিষ্ঠাতা সদস্য। |
| ম্যামথ কার্বন ডাই অক্সাইড ক্যাপচার এবং স্টোরেজ সুবিধা<br><br> | **খবরে কেন?**<br>• সুইস স্টার্ট-আপ ক্লাইমওয়ার্কস ম্যামথ চালু করেছে। এটি এই ধরণের বৃহত্তম কার্বন ডাই অক্সাইড ক্যাপচার এবং স্টোরেজ ফেসিলিটি।<br>• ক্যাপচারড **$CO_2$** মাটির নিচে চাপা দেওয়ার কথা ভাবা হয়েছে।<br>**গুরুত্বপূর্ণ দিক:**<br>• এই প্রকল্পের লক্ষ্য হল- এই প্রযুক্তি বিশ্ব উষ্ণায়নের বিরুদ্ধে লড়াইয়ে অবদান রাখতে পারে তা প্রমাণ করা।<br>• ম্যামথ এই সপ্তাহে কার্যকর হয়েছে এবং এটি আইসল্যান্ডের একটি সুপ্ত আগ্নেয়গিরিতে অবস্থিত।<br><br>**ম্যামথ সম্পর্কে:**<br>• ম্যামথ হল বৃহত্তম কার্বন ডাই অক্সাইড ক্যাপচার এবং স্টোরেজ সুবিধা।<br>• এটি আইসল্যান্ডের ক্লাইমওয়ার্কসের দ্বিতীয় বাণিজ্যিক ডাইরেক্ট এয়ার ক্যাপচার **(DAC)** সুবিধা। এটি তার পূর্বসূরি, ওরকা থেকে উল্লেখযোগ্যভাবে বড়, যা 2021 সালে কাজ শুরু করেছিল।<br>• এই অত্যাধুনিক প্রযুক্তির কাজের মধ্যে রয়েছে নিষ্কাশন করা এবং রাসায়নিকভাবে কার্বন ডাই অক্সাইড বের করা।<br>• নিষ্কাশিত **$CO_2$** তারপর ভূগর্ভে সংরক্ষণ করা যায়, যা পাথরে রূপান্তরিত করা যায় বা পুনরায় ব্যবহার করা যায়।<br>• কার্বন সিকোয়েস্টেশনের প্রক্রিয়াটি শক্তির জন্য আইসল্যান্ডের প্রচুর |

| | |
|---|---|
| | ভূ-তাপীয় বা জিও-থার্মাল শক্তি ব্যবহার করে। |
| র্যাট -হোল মাইনিং<br> | খবরে কেন?<br>● মেঘালয়ের হাইকোর্ট কয়লা সংক্রান্ত সমস্যাগুলি পরিচালনা করার জন্য এক সদস্যের প্যানেল নিয়োগ করেছে।<br>● এই প্যানেল পরিবেশ পুনরুদ্ধারে অগ্রগতির অভাব নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে।<br>● রাজ্যে র্যাট -হোল মাইনিং-এর কারণে এই পরিবেশের ক্ষতি হয়েছিল।<br><br>র্যাট -হোল মাইনিং সম্পর্কে:<br>● র্যাট -হোল মাইনিং হল মেঘালয়ে, বিশেষ করে পশ্চিম জৈন্তিয়া পাহাড়, পূর্ব জয়ন্তিয়া পাহাড় এবং পশ্চিম খাসি পাহাড়ে ম্যানুয়াল ড্রিলিং পদ্ধতি।<br>● "র্যাট -হোল" শব্দটির মাধ্যমে মাটিতে খনন করা সরু গর্তগুলিকে বোঝায়। এটি সাধারণত একজন ব্যক্তি নীচে নামতে এবং পিক্যাক্স, বেলচা ও ঝুড়ির মতো সাধারণ সরঞ্জাম ব্যবহার করে কয়লা উত্তোলনের জন্য যথেষ্ট বড়ো।<br>● র্যাট -হোল মাইনিং-কে বিস্তৃতভাবে দুটি বিভাগে শ্রেণীবদ্ধ করা হয়: সাইড-কাটিং পদ্ধতি এবং বক্স-কাটিং। |

***Copyright © by Adda247***
*All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system, or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording, or otherwise, without prior permission of Adda247.*